চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
বাবুরহাট, চাঁদপুর।
ওয়েবসাইটঃ pbs2.chandpur.gov.bd

নম্বর ২৭.১২.১৩২২.৫৭৮.০২.০০৮.২২.৭৭১৯ তারিখ: ২৯ চৈত্র ১৪২৮
১২ এপ্রিল ২০২২

"নিয়োগ বিজ্ঞপ্তি"

বিষয়: ডাটা এন্ট্রি অপারেটর ও ড্রাইভার পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ ও প্যানেল প্রস্তুতের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	পদের সংখ্যা	বয়সসীমা	যোগ্যতাও অভিজ্ঞতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না
ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত)	পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত) মোতাবেক ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	০৪টি (কম/ বেশি হতে পারে)	১১/০৫/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের প্রমাণক হিসাবে এস.এস.সি/ সমমান সনদপত্র বিবেচিত হবে।	(ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ অথবা জিপিএ ২.০০ বা ততোধিক পাশ হতে হবে। (খ) প্রার্থীকে কম্পিউটার এবং কম্পিউটার অপারেটিং সিস্টেম সম্পর্কে পর্যাপ্ত জ্ঞানসহ ওয়ার্ড প্রসেসিং এ ভাল জ্ঞান থাকতে হবে। কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। (গ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। (ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজি ব্যাকরণের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রস্তুত ও নথিভুক্তকরণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিস্কারভাবে উপস্থাপনে দক্ষ/সক্ষম হতে হবে। (চ) যথাযথ ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।	বান্দরবন, বরিশাল, ভোলা, চাঁদপুর, চুয়াডাঙ্গা, কুমিল্লা, দিনাজপুর, ফেনী, ঝালকাঠি, ঝিনাইদহ, জয়পুরহাট, খুলনা, কুড়িগ্রাম, লক্ষীপুর, মাগুরা, মানিকগঞ্জ, মেহেরপুর, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, নাটোর, নবাবগঞ্জ, নীলফামারি, নোয়াখালী, পঞ্চগড়, পটুয়াখালী, পিরোজপুর, রাজশাহী, শরিয়তপুর।

ড্রাইভার	পবিস বেতন ২০১৬ মোতাবেক (সংশোধিত) ১৬,৬০০.০০ হতে ৪১,৯৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	০২ টি (কম/ বেশি হতে পারে)	১১/০৫/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৪৫ বছরের মধ্যে থাকতে হবে।	ক) প্রার্থীকে অবশ্যই সাবলীলভাবে বাংলা লেখা ও পড়াসহ নূন্যতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়তে সক্ষম হতে হবে। গাড়ী পরিচালনার ক্ষেত্রে সড়ক নির্দেশিকা, দিক নির্দেশ পরিচালনা, সাংকেতিক চিহ্ন বুঝা, পূর্ণ প্রতিবেদন এবং সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ্য থাকতে হবে। এছাড়া লগবই পূরণ করার সক্ষমতা থাকতে হবে। খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত লাইসেন্স এর অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। গ) প্রার্থীকে যে কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত/বৃহৎ শিল্প/বানিজ্যিক প্রতিষ্ঠান/স্বনামধন্য ব্যক্তির অধীনে গাড়ী চালনাসহ রক্ষনাবেক্ষন কাজে নূন্যতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসেবে গণ্য করা হবে। পরিচ্ছন্ন ড্রাইভিং রেকর্ড থাকতে হবে। বিগত ০৩ (তিন) বছরের মধ্যে বড় কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক 'প্রত্যয়ন পত্র' আবেদন পত্রের সাথে জমা প্রদান করতে হবে। ঘ) লিখিত ও মৌখিত পরীক্ষার ছোট ধরণের ইঞ্জিন রিপ্যায়ারিং, টিউন আপ, সাধারন রক্ষনাবেক্ষন জ্ঞান সম্পর্কে পরীক্ষা গ্রহণ করা হবে এবং পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ঙ) প্রার্থীকে গাড়ী চালনা পরীক্ষায় পবিস/বিআরইবি এর প্রতিনিধির উপস্থিতিতে উত্তীর্ণ হতে হবে। চ) পবিস এর অনুমোদিত ডাক্তার দ্বারা প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষাসহ দৃষ্টি শক্তির পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ছ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।	

শর্তাবলী:

০১। উল্লিখিত পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীগণকে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বাবুরহাট, চাঁদপুর এর ওয়েবসাইট (www.pbs2.chandpur.gov.bd) অথবা বাংলাদেশে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (www.reb.gov.bd) হতে A4 সাইজের আবেদন ফরম কাগজে (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণপূর্বক যে কোন তফসিলী ব্যাংক হতে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্ররে সাথে সংযুক্ত করতঃ আগামী ১১/০৫/২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বাবুরহাট, চাঁদপুর এর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের এর মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোন আবেদন ফরমে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্র প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)।

খ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক পদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঘ) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

ঙ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

০৩। ১১/০৫/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রমাণ স্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সনদের ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা জন্ম তারিখ,বয়স,স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য ''অন-প্রবেশন" নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/স্বীকৃত মেডিক্যাল অফিসার/পবিসের রিটেইনার চিকিৎসক এবং স্বীকৃত চক্ষুবিশেষজ্ঞের নিকট হতে আপনার সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হব। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যাথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রির্পোট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৭। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যেকোন সময়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৮। প্রতারণা মূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

০৯। সরকারি, আধা-সরকারি,স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০ বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১১। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৩। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে । প্রার্থী কোটায় চাকুরীর আবেদন করলে তা স্পষ্টভাবে খামের উপর লিখতে হবে এবং আবেদন পত্রের সাথে এতদসংক্রান্ত সনদের ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

১৪। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গন্য করা হব।

১৫। নিয়োগের ক্ষেত্রে আপন দুই বোন/ভাই আবেদন করলে এবং নিয়োগপ্রাপ্ত হওয়ার যোগ্যতা অর্জন করলে একজন নিয়োগপ্রাপ্ত হওয়ার সাথে সাথে অপর বোন/ভাই নিয়োগপ্রাপ্ত হওয়ার যোগ্যতা হারাবেন।

১৬। কোটা সংক্রান্ত সরকারি নির্দেশ যথাযথভাবে পালন করা হবে। সেক্ষেত্রে যথাযথ সনদ (সরকারি নির্দেশনা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে এবং প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশন মেয়র/জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়ন পত্রের মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৭। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই আবেদন পত্রের সাথে দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৮। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২-৪-২০২২
দেব কুমার মালো
জেনারেল ম্যানেজার
ফোন: ০৮৪১-৬৫১১১
ইমেইল:
chandpurpbs2@gmail.com

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবোর্ড এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬) জেলা প্রশাসক/পুলিশ সুপার, চাঁদপুর

৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------পবিস-১/২/৩/৪।

৮) উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর

৯) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদগঞ্জ, চাঁদপুর

১০) উপজেলা নির্বাহী অফিসার (রুটিন দায়িত্ব), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মতলব দক্ষিণ, চাঁদপুর

১১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মতলব উত্তর, চাঁদপুর

১২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাইমচর, চাঁদপুর

১৩) ডিজিএম, ফরিদগঞ্জ/মতলব উত্তর/মতলব দক্ষিণ জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।

১৪) এজিএম (অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), চাঁদপুর পবিস-২।

১৫) এজিএম (ওএন্ডএম), কামতা/হাইমচর সাব-জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।

১৬) এজিএম (আইটি), চাঁদপুর পবিস-২ (বিজ্ঞপ্তি ই-মেইলে প্রেরণ এবং ওয়েব সাইটে প্রকাশের নিশ্চিতসহ প্রমানক সংরক্ষনের জন্য সংশ্লিষ্ট DEO কে দিবেন)

১৭) নোটিশ বোর্ড, চাঁদপুর পবিস-২।

১৮) অফিস নথি/মাষ্টার নথি।